# মডেল টেস্ট-৫

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক ।]*

**১. সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ: ১ × ৫০ = ৫০**

**১. ১৯৭১ সালের ১০ই এপ্রিল গঠিত হয় মুজিবনগর সরকার। এ সরকারের প্রধানমন্ত্রী পদমর্যাদায় কে ছিলেন?**
ক. বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
খ. তাজউদ্দিন আহমেদ গ. সৈয়দ নজরুল ইসলাম
ঘ. আতাউল গণি ওসমানী

**২. জেনারেল মুহাম্মদ আতাউল গণি ওসমানীকে প্রধান করে ১৯৭১ সালের ১১ জুলাই একটি বাহিনী গঠন করা হয়। এটি কী নামে পরিচিত ছিল?**
ক. মুক্তিফৌজ খ. মুক্তিবাহিনী
গ. মিত্রবাহিনী ঘ. যৌথবাহিনী

**৩. রানুর মা একাত্তরের মুক্তিযুদ্ধে মুক্তিযোদ্ধাদের সাহায্য করেন। তিনি কীভাবে মুক্তিযোদ্ধাদের সাহায্য করেন?**
ক. অর্থ দিয়ে খ. যুদ্ধের প্রশিক্ষণ দিয়ে
গ. অস্ত্র দিয়ে ঘ. খাবার, আশ্রয় ও তথ্য দিয়ে

**৪. পাকিস্তানি হানাদার বাহিনী বাংলাদেশকে মেধাশূন্য করার পরিকল্পনা করে। কোন মাসে এটি করে?**
ক. সেপ্টেম্বর খ. অক্টোবর
গ. নভেম্বর ঘ. ডিসেম্বর

**৫. ১৭৫৭ সালের ২৩এ জুন ইংরেজদের সাথে নবাব সিরাজ-উদ-দৌলার এক যুদ্ধ সংঘটিত হয়। যুদ্ধটির নাম কী?**
ক. পানিপথের যুদ্ধ খ. পলাশির যুদ্ধ
গ. কর্নাটের যুদ্ধ ঘ. বক্সারের যুদ্ধ

**৬. কোম্পানির শাসন রদ করে ব্রিটিশ সরকার ভারতবর্ষের শাসনভার গ্রহণ করেছিলেন কেন?**
ক. ব্যবসা প্রসারের জন্য খ. শিক্ষা প্রসারের জন্য
গ. শাসন সুদৃঢ় করার জন্য
ঘ. অর্থনৈতিক উন্নয়নের জন্য

**৭. বাংলা প্রদেশকে বিভক্ত করলে এর বিরুদ্ধে তীব্র আন্দোলন গড়ে ওঠে। এর ফলে কোনটি ঘটে?**
ক. বঙ্গভঙ্গ খ. বঙ্গভঙ্গ রদ
গ. স্বরাজ দল ঘ. গোল টেবিল বৈঠক

**৮. নরসিংদী জেলায় খ্রিস্টপূর্ব ৪৫০ অব্দের মৌর্য আমলের কিছু নিদর্শন পাওয়া যায়। এটি কী নামে পরিচিত?**
ক. সোমপুর মহাবিহার খ. আনন্দ বিহার
গ. উয়ারী-বটেশ্বর ঘ. রূপবান মুড়া

**৯. সুমিত নারায়ণগঞ্জ জেলার মেঘনা নদীর তীরে বেড়াতে গেলে কোন ঐতিহাসিক স্থানটি দেখতে পাবে?**
ক. সোনারগাঁও খ. মহাস্থানগড়
গ. ময়নামতি ঘ. উয়ারী-বটেশ্বর

**১০. শিক্ষা সফরের জন্য ঐতিহাসিক স্থানে যাওয়ার প্রয়োজন কেন?**
ক. বিনোদন ও দেশ ভ্রমণের জন্য
খ. ইতিহাস ও ঐতিহ্য জানার জন্য
গ. বিনোদন ও সৌন্দর্য দেখার জন্য
ঘ. দেশ ভ্রমণ ও ইতিহাস জানার জন্য

**১১. তুমি তোমার মায়ের কাছ থেকে মসুর, মটর, খেসারি ইত্যাদির নাম শুনলে। এগুলো কীসের নাম?**
ক. বীজ খ. ডাল গ. আলু ঘ. মসলা

**১২. সিহাবদের এলাকার মাটি উর্বর দোআঁশ ও বেলে মাটি। তাদের এলাকার মাটি কোন ফসলের জন্য বিশেষ উপযোগী?**
ক. গম খ. ভুট্টা গ. আলু ঘ. পাট

**১৩. রিপার এলাকায় উৎপাদিত ফসলটি ক্ষতিকর হলেও তা বিদেশে রপ্তানির মাধ্যমে আয় হয়। এর নাম কী?**
ক. পাট খ. ধান গ. চা ঘ. তামাক

**১৪. নয়নদের দোকানে জুতা, বেল্ট, ব্যাগ রয়েছে। এ দ্রব্যগুলো কী ধরনের?**
ক. চামড়াজাত খ. পাটজাত
গ. সিনথেটিক ঘ. নাইলন

**১৫. নায়লা বেগম সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত হাসপাতালে অপেক্ষা করেও চিকিৎসা পেতে ব্যর্থ হলেন। এটি ঘটার কারণ কী?**
ক. চিকিৎসকের স্বল্পতা খ. নার্সের স্বল্পতা
গ. ওষুধের স্বল্পতা ঘ. রোগীর স্বল্পতা

**১৬. রহিম মিয়া জমিতে ফসল উৎপাদনে ভূ-গর্ভের পানি উত্তোলন করে। এতে কোনটি ঘটছে?**
ক. পরিবেশের ক্ষতি খ. বায়ু দূষণ
গ. মাটি দূষণ ঘ. স্বাস্থ্যের ক্ষতি

**১৭. মি. খান একটি পোশাক কারখানা স্থাপন করতে চাইছেন। এ জন্য প্রথমে কোনটি প্রয়োজন?**
ক. গাড়ি খ. শ্রমিক
গ. মূলধন ঘ. যন্ত্রপাতি

**১৮. শোয়েবদের গ্রামে ইদানীং প্রতিবছরই বন্যা হলেও তার বাবার কাছে শুনেছে আগে তা হতো না। এর কারণ কী?**
ক. অতিরিক্ত জনসংখ্যা খ. আবহাওয়ার পরিবর্তন
গ. মানুষের অসচেতনতা ঘ. জলবায়ুর পরিবর্তন

**১৯. রৌহা গ্রামের লোকজন তাদের গ্রামের নদী তীরবর্তী গাছপালাগুলো কেটে ফেলছে। এর ফলে কোনটি ঘটতে পারে?**
ক. বন্যা খ. ঘূর্ণিঝড়
গ. অতিবৃষ্টি ঘ. নদীভাঙন

**২০. বাংলাদেশ ভূমিকম্পের ঝুঁকিতে রয়েছে। এদেশের কোন অংশ অধিক ঝুঁকিতে আছে?**
ক. উত্তর-পূর্ব খ. দক্ষিণ-পশ্চিম
গ. উত্তর-পশ্চিম ঘ. দক্ষিণ-পূর্ব

**২১. সোহাগের বাবা দৈনিক পত্রিকায় কলাম লিখে মতামত প্রকাশ করেন। এটা তার কোন ধরনের অধিকার?**
ক. মৌলিক মানবাধিকার খ. মৌলিক অধিকার
গ. রাজনৈতিক অধিকার ঘ. সামাজিক অধিকার

Teachingbd.com

২২. তোমার পরিবারের কেউ অটিস্টিক হলে তুমি কী করবে?
ক. তাকে এড়িয়ে চলব খ. তাকে সহযোগিতা করব
গ. তার সাথে খেলাধুলা করব না
ঘ. তার সাথে এক সাথে কোথাও যাব না

২৩. রিপন স্কুলে না যেয়ে টোকাইয়ের কাজ করে। এখানে রিপনের কোন অধিকার লঙ্ঘিত হচ্ছে?
ক. সাংস্কৃতিক অধিকার খ. মানবাধিকার
গ. রাজনৈতিক অধিকার ঘ. অর্থনৈতিক অধিকার

২৪. তোমার পরিচিত সীমা একটি বাড়িতে গৃহকর্মী হিসেবে কাজ করে। সে প্রায়শই নির্যাতনের শিকার হয়। এক্ষেত্রে তুমি কী করবে?
ক. প্রতিবেশীকে জানাব খ. পুলিশকে জানাব
গ. বন্ধু-বান্ধবকে জানাব ঘ. শিক্ষককে জানাব

২৫. নিউইয়র্কের পোশাক কারখানার নারী শ্রমিকরা পুরুষের সমান মজুরি ও শ্রমের দাবিতে প্রথম আন্দোলন করে। এটি কোন সালে ঘটেছিল?
ক. ১৭৪৫ সালে খ. ১৮৫৬ সালে
গ. ১৮৫৭ সালে ঘ. ১৮৬৪ সালে

২৬. স্কুলে নারী দিবস উপলক্ষে একটি সেমিনারের আয়োজন করা হয়। এই দিবসের তাৎপর্য কী?
ক. নারী-পুরুষের সমতা খ. নারী-পুরুষের অসমতা
গ. নারীকে বেশি গুরুত্ব দেওয়া
ঘ. নারী ও পুরুষের বৈষম্য

২৭. নিচের কোন কাজটি তোমার জন্য ঝুঁকিপূর্ণ?
ক. আচার খাওয়া
খ. অপরিচিত লোকের কাছ থেকে কিছু খাওয়া
গ. শ্রেণিকক্ষে বসে টিফিন খাওয়া
ঘ. খাবারের দোকানে বসে কিছু খাওয়া

২৮. তুমি ও তোমার ছোট ভাই বাড়িতে আছ, সে সময়ে তোমার ছোট ভাই এর ডায়রিয়া শুরু হলো। তুমি সর্বপ্রথম কী করবে?
ক. হাসপাতালে নিয়ে যাব
খ. ওরস্যালাইন খেতে দেব
গ. প্রতিবেশীদেরকে খবর দেব
ঘ. পিতামাতাকে খবর দেব

২৯. তুমি প্রতিদিন হেঁটে স্কুলে যাও। স্কুলে যাওয়ার সময় তোমার করণীয় কী হবে?
ক. রাস্তার মাঝখান দিয়ে যাওয়া
খ. ওভারব্রিজ ব্যবহার থেকে বিরত থাকা
গ. ফুটপাথ দিয়ে যাওয়া
ঘ. আনমনে রাস্তা পার হওয়া

৩০. রিমির বয়স ১৮ হওয়ায় সে আসন্ন পৌরসভার নির্বাচনে ভোট দিতে পারবে। ভোটদান তার কোন ধরনের কর্তব্য?
ক. সামাজিক খ. রাষ্ট্রীয়
গ. জাতীয় ঘ. আন্তর্জাতিক

৩১. নয়ন শিক্ষাসফর সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণের মত চাইল। তার বন্ধুরা কী ধরনের মত দিতে পারে?
ক. একই রকম খ. বিভিন্ন রকম
গ. অভিন্ন ঘ. সুনির্দিষ্ট

৩২. ৫ম শ্রেণিতে শ্রেণিনেতা নির্বাচন করা হবে। শ্রেণিনেতা নির্বাচনে কোন পদ্ধতি গ্রহণ করা প্রয়োজন?
ক. একনায়কতান্ত্রিক পদ্ধতি
খ. গণতান্ত্রিক পদ্ধতি
গ. রাজতান্ত্রিক অধিকার
ঘ. শিক্ষনীয় পদ্ধতি

৩৩. মা সবার পছন্দের কথা মাথায় রেখে খাবার রান্না করেন। এতে মায়ের আচরণে কোনটি প্রকাশ পেয়েছে?
ক. গণতান্ত্রিক মনোভাব খ. স্বৈরতান্ত্রিক মনোভাব
গ. নেতৃত্বের মনোভাব ঘ. সামাজিক মনোভাব

৩৪. তুমি তোমার গারো বন্ধুর বাড়িতে গেলে তাদের মধ্যে প্রচলিত একটি ঐতিহ্যবাহী খাবার খাওয়াল। এ খাবারের নাম কী?
ক. শুঁটকি মাছ
খ. নাপ্পি
গ. নালিতা
ঘ. বাঁশের কোড়ল দিয়ে রান্না খাদ্য

৩৫. জয়িতার এক ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বন্ধু রয়েছে। যারা ফুংগ মাবুং পোশাক পরে। এ পোশাকের বৈশিষ্ট্য কী?
ক. পকেট ছাড়া শার্ট ও লুঙ্গি
খ. খাটো সাদা কাপড় গ. ধুতি ও পাঞ্জাবি
ঘ. ফতুয়ার মতো শার্ট ও লুঙ্গি

৩৬. বাংলাদেশের একটি ক্ষুদ্র জাতিসত্তা যারা দলবদ্ধভাবে বাস করে। এখানে কোন জাতিসত্তার কথা বলা হয়েছে?
ক. ম্রো খ. ত্রিপুরা গ. গারো ঘ. খাসি

৩৭. ওঁরাওরা তাদের প্রধান উৎসব ফাল্গুন মাসে পালন করে থাকে। তাদের প্রধান উৎসবের নাম কী?
ক. বিশু খ. বৈসাচি
গ. সাংগ্রাই ঘ. ফাগুয়া

৩৮. জাতিসংঘের একটি দপ্তর প্রশাসনিক কাজ পরিচালনা করে। দপ্তরটি নাম কী?
ক. সাধারণ পরিষদ খ. নিরাপত্তা পরিষদ
গ. অছি পরিষদ ঘ. সচিবালয়

৩৯. 'ক' নামক একটি সংস্থা শিশুদের উন্নয়নে কাজ করে থাকে। এখানে কোন সংস্থার কথা বলা হয়েছে?
ক. জাতিসংঘ খ. সার্ক
গ. ইউনিসেফ ঘ. ইউনেস্কো

৪০. জাতিসংঘের একটি শাখা গ্রামে বিশুদ্ধ পানি সরবরাহ, স্বাস্থ্যসম্মত পায়খানা তৈরি, শিশুদের টিকা দান ইত্যাদি কাজ করে থাকে। এ শাখাটির নাম কী?
ক. বিশ্ব স্বাস্থ্য সংস্থা খ. ইউএনডিপি
গ. ইউনেস্কো ঘ. ইউনিসেফ

৪১. কোন শাসনের অন্যতম বৈশিষ্ট্য ছিল 'ভাগ কর শাসন কর' নীতি?
ক. ব্রিটিশ শাসনের খ. মোঘল শাসনের
গ. পাল শাসনের ঘ. সেন শাসনের

৪২. শিল্পাচার্য জয়নুল আবেদীন সোনারগাঁও-এ লোকশিল্প জাদুঘর তৈরি করেছিলেন কেন?
ক. অর্থ উপার্জনের জন্য
খ. নিজেকে জনপ্রিয় করার জন্য
গ. দেশীয় শিল্প নিয়ে গর্ব করার জন্য
ঘ. সোনারগাঁও এর সৌন্দর্য বর্ধনের জন্য

Teachingbd.com

৪৩. আমাদের সমাজের অগ্রগতির জন্য কোনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ?
ক. শিক্ষা খ. চিকিৎসা
গ. নিরাপত্তা ঘ. মূলধন
৪৪. কোনটি জলবায়ু পরিবর্তনে মানবসৃষ্ট প্রধান কারণ?
ক. ইটের ভাটা নির্মাণ খ. শিল্প কারখানা নির্মাণ
গ. গাছ কেটে ফেলা
ঘ. জমিতে রাসায়নিক সার প্রয়োগ
৪৫. কীভাবে আমরা গণতন্ত্রকে আরও শক্তিশালী করতে পারি?
ক. বাড়িতে গণতান্ত্রিক আচরণ করে
খ. বিদ্যালয়ে গণতান্ত্রিক আচরণ করে
গ. খেলার মাঠে গণতান্ত্রিক আচরণ করে
ঘ. সব জায়গায় গণতান্ত্রিক আচরণ করে
৪৬. কোন দিন আন্তর্জাতিক নারী দিবস পালন করা হয়?
ক. ৮ জানুয়ারি খ. ৮ ফেব্রুয়ারি
গ. ৮ মার্চ ঘ. ৮ এপ্রিল
৪৭. কোনটি সমাজের প্রতি আমাদের দায়িত্বে অবহেলা?
ক. নিয়ম মানা খ. সম্পদ সংরক্ষণ
গ. সহযোগিতা করা ঘ. অন্যের ক্ষতি করা
৪৮. বাংলাদেশ কী ধরনের রাষ্ট্র?
ক. গণতান্ত্রিক খ. একনায়কতান্ত্রিক
গ. সমাজতান্ত্রিক ঘ. স্বৈরতান্ত্রিক
৪৯. কোন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীরা বাড়িতে অতিথি এলে পান-সুপারি এবং চা দিয়ে আপ্যায়ন করে?
ক. গারো খ. খাসি
গ. ওঁরাও ঘ. ম্রো
৫০. জাতিসংঘ প্রতিষ্ঠার প্রধান লক্ষ্য কী?
ক. শিশুদের উন্নয়ন খ. অর্থনৈতিক উন্নয়ন
গ. বিশ্ব শান্তি প্রতিষ্ঠা ঘ. যুদ্ধ বাঁধানো

২. নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ: (১৫টি। প্রথম ১০টি যোগ্যতাভিত্তিক) ১×১৫ = ১৫

ক. মুক্তিযুদ্ধের সময় শওকত সাহেব পাকিস্তান সেনাদের গতিবিধি সম্পর্কে খবরাখবর সংগ্রহ করতেন। তিনি কোন গ্রুপের সদস্য ছিলেন?
খ. সিপাহি বিদ্রোহে অনেক ভারতীয় মারা যায়। এর সংখ্যা কত ছিল?
গ. উনিশ শতকে হিন্দু বণিকদের সুতা বাণিজ্যের কেন্দ্র হিসেবে সোনারগাঁও-এ একটি নগর গড়ে ওঠে। নগরটির নাম কী?
ঘ. বাংলাদেশের একটি শিল্প থেকে অনেক বৈদেশিক মুদ্রা অর্জিত হয়? এখানে কোন শিল্পের কথা বলা হয়েছে?
ঙ. ইলিয়াসের বাবা স্টার জুট মিলে চাকরি করেন। এটি কোন শিল্পের অন্তর্ভুক্ত?
চ. হীরাদের বাড়ি বাংলাদেশের পশ্চিম অঞ্চলে। তাদের অঞ্চলটি কোন ধরনের ভূমিকম্পপ্রবণ এলাকা?
ছ. মিনা স্কুলে যাওয়ার সময় রাস্তায় একটি দুর্ঘটনা দেখতে পায়। এরূপ দুর্ঘটনার অন্যতম কারণ কী?
জ. সিফাতদের বিদ্যালয়ে ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হবে। এক্ষেত্রে সিফাতরা কীভাবে কাজ করবে?
ঝ. লুসিরা উৎসব অনুষ্ঠানে তাদের ঐতিহ্যবাহী দকসারি পোশাক পরে। লুসিরা কোন নৃ-গোষ্ঠীর অধিবাসী?
ঞ. মুনার বাবা ইউনিসেফে চাকরি করেন। এ সংস্থাটি কাদের উন্নয়নে কাজ করে?
ট. ১৯৭০ সালের নির্বাচনে কোন দল নিরঙ্কুশ বিজয় লাভ করেছিল?
ঠ. কোন বিদ্রোহের ফলে কোম্পানি শাসনের অবসান হয়?
ড. আমাদের দেশে কোন ধরনের আলুর চাষ বেশি হয়?
ঢ. বাংলাদেশে কত বছরের নিচে শিশুশ্রম বেআইনি?
ণ. মহিলা ও শিশুদের জন্য কাজ করে সরকারের কোন সংস্থা?

৩. ক থেকে জ-এর মধ্যে ৬টি প্রশ্নের উত্তর এবং ঝ ও ঞ থেকে ১টি প্রশ্নের উত্তর দাও: ৫ × ৭ = ৩৫

ক. ১৮৫৭ সালে সংঘটিত একটি বিদ্রোহের প্রেক্ষাপটে বাহাদুর শাহ পার্কে স্মৃতিস্তম্ভ নির্মিত হয়েছে। বিদ্রোহটির নাম কী? কার নেতৃত্বে এই বিদ্রোহ শুরু হয়? উক্ত বিদ্রোহটির তিনটি কারণ লেখ। ১+১+৩=৫
খ. 'ক' নামক ঐতিহাসিক স্থানটি বাংলাদেশের দক্ষিণ-পূর্ব অঞ্চলের কুমিল্লা শহরের কাছে অবস্থিত। স্থানটি বৌদ্ধ সভ্যতার অন্যতম কেন্দ্র ছিল। ঐতিহাসিক স্থানটির নাম কী? স্থানটিতে প্রাপ্ত নিদর্শনগুলো সম্পর্কে ৪টি বাক্য লেখ। ১+৪=৫
গ. প্রবল ঘূর্ণিঝড়ে সোমাদের ঘরটি উড়ে গেছে। এখন তাদের মাথা গোঁজার কোনো জায়গা নেই। সোমারা কোন চাহিদা থেকে বঞ্চিত হচ্ছে? উক্ত চাহিদা সম্পর্কে চারটি বাক্য লেখ। ১+৪=৫
ঘ. সোবহান সম্পূর্ণ সুস্থ হলেও দৈনিক রুটিন বদল হলে খুবই উত্তেজিত হয়। সে কোন সমস্যায় আক্রান্ত? এ ধরনের শিশুদের কীভাবে স্বাভাবিক জীবনে অভ্যস্ত করা সম্ভব? এ ধরনের শিশুদের তিনটি বৈশিষ্ট্য লেখ। ১+১+৩=৫
ঙ. প্রতিবছর ৮ই মার্চ আমরা একটি দিবস পালন করে থাকি। এ দিবসটির নাম কী? কত সালে জাতিসংঘ দিবসটির স্বীকৃতি দেয়? দিবসটির তিনটি তাৎপর্য লেখ। ১+১+৩ =৫
চ. রাফিদের ক্লাস টিচার অধিকাংশ সিদ্ধান্ত অধিকাংশের মতামতের ভিত্তিতে নিয়ে থাকেন। এ ধরনের সিদ্ধান্ত গ্রহণকে কী বলে? এটি কী ধরনের গুণ? উক্ত বিষয়টি শ্রেণি ও বিদ্যালয়ে গণতন্ত্র চর্চায় কীভাবে ভূমিকা রাখে তা তিনটি বাক্যে লেখ। ১+১+৩=৫
ছ. বাংলাদেশের একটি ক্ষুদ্র জনগোষ্ঠীর আদি ধর্মের নাম 'সাংসারেক'। এ জনগোষ্ঠীটির নাম কী? এদের আদি নিবাস ছিল কোথায়? এদের সমাজব্যবস্থা সম্পর্কে তিনটি বাক্য লেখ। ১+১+৩=৫
জ. ১৯৮৫ সালে দক্ষিণ এশিয়ায় একটি সংস্থা গঠিত হয়। সংস্থাটির নাম কী? এর সর্বশেষ সদস্য কবে যুক্ত হয়? সংস্থাটির তিনটি লক্ষ্য ও উদ্দেশ্য লেখ। ১+১+৩ =৫
ঝ. বৈদেশিক মুদ্রা অর্জনে কৃষি আমাদের কীভাবে সহায়তা করে তা পাঁচ বাক্যে লেখ। ৫
ঞ. সমাজকে সুন্দর ও সুশৃঙ্খল রাখতে আমাদের পাঁচটি দায়িত্ব লেখ। ৫

Teachingbd.com

http://teachingbd.com

# উত্তরমালা

১. ১. খ. তাজউদ্দিন আহমেদ; ২. খ. মুক্তিবাহিনী; ৩. ঘ. খাবার, আশ্রয় ও তথ্য দিয়ে; ৪. ঘ. ডিসেম্বর; ৫. খ. পলাশির যুদ্ধ; ৬. গ. শাসন সুদৃঢ় করার জন্য; ৭. খ. বঙ্গভঙ্গ রদ; ৮. গ. উয়ারী-বটেশ্বর; ৯. ক. সোনারগাঁও; ১০. খ. ইতিহাস ও ঐতিহ্য জানার জন্য; ১১. খ. ডাল; ১২. গ. আলু; ১৩. ঘ. তামাক; ১৪. ক. চামড়াজাত; ১৫. ক. চিকিৎসকের স্বল্পতা; ১৬. ক. পরিবেশের ক্ষতি; ১৭. গ. মূলধন; ১৮. ঘ. জলবায়ুর পরিবর্তন; ১৯. ঘ. নদীভাঙন; ২০. ক. উত্তর-পূর্ব; ২১. ক. মৌলিক মানবাধিকার; ২২. খ. তাকে সহযোগিতা করব; ২৩. খ. মানবাধিকার; ২৪. খ. পুলিশকে জানাব; ২৫. গ. ১৮৫৭ সালে; ২৬. ক. নারী-পুরুষের সমতা; ২৭. খ. অপরিচিত লোকের কাছ থেকে কিছু খাওয়া; ২৮. খ. ওরস্যালাইন খেতে দেব; ২৯. গ. ফুটপাথ দিয়ে যাওয়া; ৩০. খ. রাষ্ট্রীয়; ৩১. খ. বিভিন্ন রকম; ৩২. খ. গণতান্ত্রিক পদ্ধতি; ৩৩. ক. গণতান্ত্রিক মনোভাব; ৩৪. ঘ. বাঁশের কোড়ল দিয়ে রান্না খাদ্য; ৩৫. ক. পকেট ছাড়া শার্ট ও লুঙ্গি ; ৩৬. খ. ত্রিপুরা; ৩৭. ঘ. ফাগুয়া; ৩৮. ঘ. সচিবালয়; ৩৯. গ. ইউনিসেফ; ৪০. ঘ. ইউনিসেফ; ৪১. ক. *ব্রিটিশ* শাসনের; ৪২. গ. *দেশীয় শিল্প নিয়ে গর্ব করার জন্য;* ৪৩. ক. শিক্ষা; ৪৪. গ. গাছ কেটে ফেলা; ৪৫. ঘ. সব জায়গায় গণতান্ত্রিক আচরণ করে; ৪৬. গ. ৮ মার্চ; ৪৭. ঘ. অন্যের ক্ষতি করা; ৪৮. ক. গণতান্ত্রিক; ৪৯. খ. খাসি; ৫০. গ. বিশ্ব শান্তি প্রতিষ্ঠা।

২. ক. ইন্টেলিজেন্স গ্রুপ।
খ. প্রায় এক লক্ষ।
গ. পানাম নগর।
ঘ. পোশাক শিল্পের।
ঙ. বৃহৎ শিল্পের।
চ. তুলনামূলক কম ভূমিকম্পপ্রবণ।
ছ. অসাবধানে পথা চলা।
জ. সকলের মতামতের ভিত্তিতে।
ঝ. গারো।
ঞ. শিশুদের উন্নয়নে।
ট. আওয়ামী লীগ।
*ঠ. সিপাহি বিদ্রোহ।*
ড. গোল আলু ও মিষ্টি আলু।
ঢ. ১৮ বছরের নিচে।
ণ. মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয়।

Teachingbd.com